




সালমান মুক্তাদিরের ব্যাংক হিসাব তলব করেছে বিএফআইইউ



সালমান মুক্তাদির। ছবি: সংগৃহীত

কনটেন্ট ক্রিয়েটর সালমান মুক্তাদিরের নামে থাকা ব্যাংক হিসাবের বিস্তারিত তথ্য চেয়েছে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট (বিএফআইইউ)। এ জন্য বুধবার (৩০ সেপ্টেম্বর) দেশের বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে চিঠি পাঠানো হয়েছে।

বিষয়টি নিশ্চিত করে কয়েকটি ব্যাংকের কর্মকর্তারা জানিয়েছেন, বিএফআইইউর চিঠি তারা পেয়েছেন। নির্ধারিত সময়ের মধ্যে চাওয়া তথ্য পাঠাতে বলা হয়েছে প্রতিষ্ঠানগুলোকে। চিঠিতে সালমান মুক্তাদিরের নামে থাকা হিসাবের বিবরণ, হিসাব খোলার ফরম, গ্রাহকের পরিচিতি বা কেওয়াইসি-সংক্রান্ত নথি এবং হিসাবের বিস্তারিত লেনদেনের তথ্য চাওয়া হয়েছে। এর সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য তথ্যও দিতে বলা হয়েছে।

সালমান মুক্তাদিরের ব্যাংক হিসাবের তথ্য চাওয়ার খবরটি এসেছে রাজধানীর ইসিবি চত্বরের নিউগিনি প্রপার্টিজে তার ব্রাউনফিশ স্টুডিওতে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনার কয়েক দিন পর। গত শনিবার রাতে ওই ঘটনায় স্টুডিওটির ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। নিউগিনি প্রপার্টিজের কার্যালয় ও আশপাশের কয়েকটি স্থাপনাতেও হামলা ও ভাঙচুরের অভিযোগ ওঠে। ঘটনাটি নিয়ে নিউগিনি প্রপার্টিজের পরিচালক সাইফুল ইসলাম ভূঁইয়া ক্যান্টনমেন্ট থানায় মামলা করেছেন। মামলায় অনধিকার প্রবেশ, ভাঙচুর, লুটপাট ও চুরির অভিযোগ আনা হয়েছে। এ ঘটনায় পুলিশ ও ডিবি কয়েকজনকে গ্রেপ্তার করেছে।